যুগান্তর

তারিখ ... 03 FEB 2008
পৃষ্ঠা ১০ কলাম ৫

বাউফল ডিগ্রি কলেজ

# অধ্যক্ষের বিরুদ্ধে অভিযোগের অনুলিপি সেনাক্যাম্পে দেয়ায় ৩৩ শিক্ষককে শোকজ

পটুয়াখালী প্রতিনিধি

জেলার বাউফল উপজেলার বাউফল ডিগ্রি কলেজের সভাপতি ও অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ রবিউল হক কলেজ অধ্যক্ষের বিরুদ্ধে অভিযোগের অনুলিপি জেলা প্রশাসক ও সেনা কর্মকর্তাকে দেয়ায় ওই কলেজের ৩৩ শিক্ষকের বিরুদ্ধে শোকজ নোটিশ দিয়েছেন। জোট সরকারের আমলে অবৈধভাবে নিয়োগ প্রাপ্ত বাউফল ডিগ্রি কলেজের অধ্যক্ষ আবদুল লতিফের বিরুদ্ধে দুর্নীতি, অর্থ আত্মসাৎ ও স্বেচ্ছাচারিতার অভিযোগ এনে তার অপসারণ দাবি করে ওই কলেজের ৩৩ জন শিক্ষক সভাপতি বরাবরে আবেদনটি দাখিল করেন। যার অনুলিপি দেয়া হয় জেলা প্রশাসক ও সেনা কর্মকর্তা বরাবরে। এতে ক্ষিপ্ত হয়ে কলেজ গভর্নিং বডির সভাপতি ও অতিরিক্ত জেলা প্রশাসক মোঃ রবিউল হক আবেদনকারী ৩৩ শিক্ষকের বিরুদ্ধে কারণ দর্শানোর নোটিশ প্রদান করেন।